

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বগুড়া


পত্রনং.০২.১০০০.৪০০.০৮.৮১.২১.৫২৬

তারিখঃ ৩০/১২/২০২১খ্রিঃ

বিষয়: অফিস প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যবিধি অনুসরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক অক্টোবর-২০২১ হতে ডিসেম্বর/২০২১ মাস পর্যন্ত জেলা মৎস্য দপ্তর, বগুড়া এর অফিস প্রাঙ্গনের চারিপাশের আগাছা পরিষ্কার, গাছের ডালপালা পরিষ্কারসহ অফিসের সৌন্দর্য বর্ধনে ফুলের গাছ লাগানো হয়েছে। দপ্তরের সকল কক্ষসমূহ ফুলের টবদ্বারা সুসজ্জিত করা হয়েছে। ওয়াশরুমগুলো স্বাস্থ্যসম্মত পরিচ্ছন্ন সামগ্রী দ্বারা নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। কর্মকর্তা/কর্মচারীদের মাঝে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ ও স্যাভলন বিতরণ করা হয়েছে। অফিস প্রাঙ্গনের সকল জায়গায় ব্লিচিং পাউডার ব্যবহার করা হয়েছে। অফিসের মেইনগেটে সাবান ও হ্যান্ডওয়াশ রাখার ব্যবস্থা করা হয়েছে। অফিসে আগত সেবা গ্রহীতাদের স্বাস্থ্যবিধি মেনে সেবা প্রদান করা হয়েছে।

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।


(সরকার আনোয়ারুল কবীর আহম্মেদ)
জেলা মৎস্য কর্মকর্তা
বগুড়া